সমকাল

তারিখ ··03·FEB·2016···
পৃষ্ঠা ··· ··· ··· কলাম··· ··· ······

# রাঙামাটি কলেজে ক্লাস শুরুর প্রতিবাদ পিসিপির

■ রাঙামাটি অফিস

রাঙামাটি সরকারি কলেজে উদ্ভূত সমস্যার সমাধান না করে কলেজ কর্তৃপক্ষ একতরফাভাবে শ্রেণী কার্যক্রম শুরু করায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি)।

গতকাল মঙ্গলবার পিসিপির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গত বছরের ৭ ডিসেম্বর ছাত্রলীগ কর্তৃক জুম্ম ছাত্রদের বিরুদ্ধে দায়ের করা মিথ্যা মামলার বিষয়ে সাত দিনের মধ্যে সমাধান করার জন্য সময় দেওয়া হলেও ছাত্রলীগ কোনো পদক্ষেপ নেয়নি। এতে কোনো সমাধান না হওয়া সত্ত্বেও কলেজ কর্তৃপক্ষ একতরফাভাবে গত ৩০ জানুয়ারি থেকে শ্রেণী কার্যক্রম শুরু করে। ফলে যে কোনো সময় আরও সমস্যা বা সংঘাত দেখা দিতে পারে।